বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৭৬

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে 'জেড ক্যাটাগরি' সংক্রান্ত ইস্যুতে বিএসইসি'র উদ্যোগ ও প্রচেষ্টা প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর উদ্যোগ ও প্রচেষ্টার ফলশ্রুতিতে পুঁজিবাজারে তালিকাভুক্ত কনফিডেন্স সিমেন্ট পিএলসির ক্যাটাগরি 'জেড' থেকে 'এ'-তে উন্নীত হয়েছে। বিএসইসি'র তড়িৎ পদক্ষেপ এবং আন্তরিক প্রচেষ্টার ফলেই উক্ত তালিকাভুক্ত কোম্পানির লভ্যাংশ বিতরণ জনিত নন-কমপ্লায়েন্স এর বিষয়টির কার্যকর সমাধান সম্ভব হয়েছে।

উল্লেখ্য, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গত ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে বেলা ১১:০০ টায় আয়োজিত একটি সভায় জেড ক্যাটাগরিতে অবনমনপ্রাপ্ত কনফিডেন্স সিমেন্ট পিএলসি এর শীর্ষ কর্মকর্তাদের তলব করা হয়েছিল। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত সভাটিতে কনফিডেন্স সিমেন্ট পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক/সিইও, চিফ ফিন্যান্সিয়াল অফিসার ও কোম্পানি সচিবকে উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হয়েছিল। মূলত লভ্যাংশ বিতরণ জনিত নন-কমপ্লায়েন্স এর কারণে কনফিডেন্স সিমেন্ট পিএলসিকে জেড ক্যাটাগরিতে অবনমন করা হয় এবং উক্ত প্রসঙ্গেই আলোচনার জন্য কনফিডেন্স সিমেন্ট পিএলসি এর শীর্ষ কর্মকর্তাদের তলব করা হয়েছিল।

ইতোমধ্যে কনফিডেন্স সিমেন্ট পিএলসি সমাপ্ত হিসাব বছরের জন্য বিনিয়োগকারীদের ১০ শতাংশ নগদ লভ্যাংশ বিতরণ করেছে ও কমপ্লায়েন্স রিপোর্ট জমা দান সম্পন্ন করেছে; যার প্রেক্ষিতে গত ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে কনফিডেন্স সিমেন্ট পিএলসি'কে 'জেড' থেকে 'এ'-তে উন্নীত করেছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)।

দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে লভ্যাংশ বিতরণ জনিত নন-কমপ্লায়েন্সসহ বিভিন্ন কারণে জেড ক্যাটাগরিতে অবনমন প্রসঙ্গে পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানিগুলোর সাথে আলোচনা ও সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করেছে বিএসইসি। নির্ধারিত সময়ের মধ্যে লভ্যাংশ ঘোষণা ও উক্ত লভ্যাংশ বিধিমোতাবেক বিতরণ করার জন্য তালিকাভুক্ত কোম্পানিগুলোকে সতর্ক করছে বিএসইসি। আগামীতেও দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে বিএসইসি'র এধরণের কার্যক্রম ও উদ্যোগ অব্যাহত থাকবে। একইসাথে, নির্ধারিত সময়ের মধ্যে লভ্যাংশ ঘোষণা ও উক্ত লভ্যাংশ বিধিমোতাবেক বিতরণ যেসকল কোম্পানি করবে না, সেসকল কোম্পানি ও তাদের পরিচালকদের বিরুদ্ধে বিএসইসি কঠোর ব্যবস্থা গ্রহণ করবে।

09-12-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র